৫৫

# দৈনিক ইত্তেফাক

তারিখ 11 MAY 1993
পৃষ্ঠা ৬ কলাম ২

23

## বরিশাল সংবাদ

বরিশাল অফিস ।। মাদ্রাসা জরীপ ও পরীক্ষা পরিদর্শনের নামে আগত তিন ভুয়া সুপারভাইজার ও গণনাকারীকে পুলিশ গ্রেফতার করিয়া শ্রীঘরে পাঠাইয়াছে। তাহাদের মধ্যে একজন ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞানের ছাত্র। তাহারা শিক্ষা সচীবের স্বাক্ষর ও সীল জাল করিয়া একটি ভুয়া পত্র লইয়া গত শনিবার বাকেরগঞ্জ ইসলামিয়া মাদ্রাসা পরিদর্শনের জন্য টিএনও'র কাছে

(৪র্থ পৃঃ দ্রঃ)

## বরিশাল সংবাদ

(৩য় পৃঃ পর)

যান। তাঁহারা পরে ঐ মাদ্রাসার অনুষ্ঠানরত দাখিল পরীক্ষার হল পরিদর্শন ও নকলের অভিযোগে কয়েকজন পরীক্ষার্থী এবং কাজে অবহেলার অভিযোগে পরিদর্শক বহিষ্কার করে। পরীক্ষা শেষে তাহারা উক্ত ব্যক্তিদের নিকট তাহাদের অপরাধ ক্ষমা করার ইঙ্গিত দিয়া উৎকোচ দাবী করে। গোল বাধে ঠিক তখন। টিএনও ঘটনাটি জানার সাথে সাথে তাহাদের পুলিশে সোপর্দ করে। পুলিশের কাছে তাহারা অপরাধ স্বীকার করে। তাহারা হইতেছে: মাহমুদ (৩০), ইকবাল হোসেন (২৮), ও জাহাঙ্গীর হাওলাদার (২৭)। সারাদেশে বর্তমানে শিক্ষা প্রতিষ্ঠান জরীপ চলিতেছে এবং এই কাজে, মেধাবী ছাত্রদের নিয়োগ করা হয়। ঐ তিনজন এই সুযোগ গ্রহণ করিতে চাহিয়াছিল।